ইত্তেফাক ৪/

তারিখ ... 20.11.79 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 5 ...

# ২৬শে নভেম্বর হইতে কলেজ শিক্ষকদের ধর্মঘট আহ্বান

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আ, ফ, ম, খলিলুর রহমান, সহ-সভাপতি অধ্যক্ষ এ, কে, এম, শহীদুল্লাহ, সহকারী সাধারণ সম্পাদক অধ্যাপক কাজী ফারুক আহমেদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক এম, এ, লতিফ গত শনিবার এক যুক্তবিবৃতিতে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ৫ দফা দাবী আদায়ের আন্দোলনের কর্মসূচী অনুযায়ী আগামী ২৬শে নভেম্বর হইতে ধর্মঘট পালন করার জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানান। বিবৃতিতে তাঁহারা বলেন যে, আগামী ২৪শে নভেম্বর জেলা পর্যায়ে সর্বস্তরের শিক্ষক সমাবেশ এবং ঐদিন ও ২৫শে নভেম্বর পথসভা

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ধর্মঘট আহ্বান

(৩য় পৃঃ পর)

অনুষ্ঠানের কর্মসূচী নেওয়া হইয়াছে।

### ধর্মঘটের সিদ্ধান্ত পুনর্বিবেচনার আহ্বান

চট্টগ্রাম হইতে বাসস জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল করিম এক বিবৃতিতে দেশের ও ছাত্রদের বৃহত্তর স্বার্থে ১৯শে নভেম্বর হইতে সরকারী কলেজ শিক্ষকদের ধর্মঘটের সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন জানাইয়াছেন।